গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/সোহরাওয়ার্দী/০৫/ ৭০৬ তারিখঃ ৩ / ৬ /২০১৪ইং।

বিষয়ঃ- অগ্নিদগ্ধ রোগীদের রেজিস্ট্রেশন এবং নোটিফাইয়েবল ডিজিজ হিসাবে গণ্য প্রসঙ্গে।

সূত্রঃ ShsMC/2011, তারিখঃ নাই খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতি বৎসর ছোট বড় মিলিয়ে প্রায় ১২-১৪ লক্ষ লোক অগ্নিদগ্ধ হয়। যার মধ্যে প্রায় ৫ লক্ষাধিক মানুষ হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসার দরকার পরে এবং ৬-৮ হাজার মানুষ অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুবরণ করে। বর্তমানে সহিংসতার কারণে এই সংখ্যা আরো বেড়েছে। পৃথিবীর বিভিন্ন দেশে এমনকি ভারতেও এ অগ্নিদগ্ধের পরিসংখ্যান আছে যা মোট জনসংখ্যার এক শতাংশ (১%)। কিন্তু আমাদের দেশে এর কোন পরিসংখ্যান নেই। কিন্তু বিভিন্ন উপজেলায় অগ্নিদগ্ধের ঘটনা ঘটে যা আমাদের নজরের বাইরে থেকে যায়।

অগ্নিদগ্ধের ঘটনা যদি পলিও, টিবি, ধনুষ্টংকার এর মত নোটিফাইয়েবল রোগ হিসাবে গণ্য করা হয় তবে একটি সঠিক পরিসংখ্যান পাওয়া যাবে এবং action plan তৈরীতে এবং অগ্নি প্রতিরোধে সাহায্য করবে। অগ্নিদগ্ধকে একটি নোটিফাইয়েবল ডিজিজ হিসাবে গণ্য করার লক্ষ্যে অগ্নিদগ্ধ রুগীর সঠিক তথ্য (পরিসংখ্যান) প্রয়োজন।

এমতাবস্থায়, অগ্নিদগ্ধকে একটি নোটিফাইয়েবল ডিজিজ হিসাবে গণ্য করার লক্ষ্যে আপনার হাসপাতালে ভর্তিকৃত অগ্নিদগ্ধ সকল রুগীর সঠিক তথ্য (পরিসংখ্যান) প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

03/06/2016

(অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট

কার্যার্থেঃ-

১। পরিচালক (বিশেষায়িত হাসপাতাল)(সকল)..................................................................................।
২। পরিচালক (সকল)................................... মেডিকেল কলেজ হাসপাতাল.............................................।
৩। পরিচালক (স্বাস্থ্য) (সকল),................................বিভাগ.........................................................................।
৪। তত্ত্বাবধায়ক (সকল),.........................................................................................................................।
৫। সহকারী পরিচালক, (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৬। সিভিল সার্জন (সকল),........................। বিষয়টি আপনার নিয়ন্ত্রণাধীন সকল চিকিৎসা প্রতিষ্ঠান-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/সোহরাওয়ার্দী/০৫/ তারিখঃ / /২০১৪ইং।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো ঃ-

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃআঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
২। অধ্যাপক ও বিভাগীয় প্রধান, বার্ণ এন্ড প্লাষ্টিক সার্জারী ইউনিট, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

(অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট